বস্তুর নাম, যথাঃ—درخت (দরখ্‌ৎ) বৃক্ষ; ندی (নদ্দি) নদী, نمک (নমক) লবণ, اب (আব) পানী, জল, لوها (লোহা) লৌহ ইত্যাদি।

জাতি বা শ্রেণীর নাম যথাঃ—گھوڑا (ঘোড়া), آدمی (আদমী) মনুষ্য ইত্যাদি। এই বিশেষ্য গুলির লিঙ্গ, বচন ও কারক আছে।

উর্দ্দু ব্যাকরণ।

—o—

قواعد اردو

—∘o∘—

মানুষের উচ্চারিত কথাকে لفظ (লফ্‌জ) বলে। উহার মধ্যে যে গুলির কোনও অর্থ নাই, তাহাকে مهمل (মহ্‌মাল) বলে। অর্থ প্রকাশের জন্য যে, لفظ (লফ্‌জ্) বা শব্দগুলি মানুষেরা তৈয়ার করিয়া লইয়াছে, তৎ সমুদয়কে موضوع (মৌজু) বলে। প্রত্যেক ভাষার অর্থপ্রকাশক শব্দগুলি সমস্তই موضوع (মৌজু)। অর্থপ্রাশক শব্দগুলি দুই প্রকার (১) مفرد (মফ্‌রদ) রূঢ় ও (২) مركب (মরকব) যৌগিক; مفرد (মফ্‌রদ্) রূঢ় শব্দকে كلمه (কাল্‌মা) বা (কালেমা) ও বলে।

كلمه (কাল্‌মা) পদ প্রকরণ।

كلمه (কাল্‌মা) পদ সকল তিন ভাগে বিভক্ত; (১) اسم (এস্‌ম) নাম, (২) فعل (ফেল) ক্রিয়া, (৩) حرف (হর্‌ফ্) অব্যয়াদি।

লিঙ্গ প্রকরণ *

উর্দ্দু ভাষায় مذکر (মোজাক্কর) পুংলিঙ্গ ও مونث (মোয়ান্নস) স্ত্রী লিঙ্গের ব্যবহার আছে; مخنث (মোখান্নস) ক্লীব লিঙ্গের ব্যবহার নাই।

শ্রেষ্ঠ জীব জন্তুর মধ্যে জাহাদের পুং চিহ্ন ও স্ত্রী চিহ্ন স্পষ্টতঃ চেনা যায়, তাহাদের লিঙ্গকে প্রকৃত; যথাঃ—باپ= পিতা, بہائی= ভ্রাতা, شوہر (শওহর) স্বামী, لوہار= কর্ম্মকার, ماں= মাতা, بہن (বহেন) ভগ্নী, جورو (জোরু) স্ত্রী ইত্যাদি। আর নিকৃষ্ট প্রাণীর মধ্যে যাহাদের লিঙ্গ চিনিবার কোন উপায় নাই, তাহাদের এবং নির্জ্জীব পদার্থের লিঙ্গকে, অপ্রকৃত লিঙ্গ কহে।

উর্দ্দু ভাষায় লিঙ্গ নির্ণয়ের কোনও সহজ উপায় নাই, কেবল ব্যবহার ও আপ্ত বাক্য দেখিয়া লিঙ্গ স্থির করিতে হয়। ইহা سماعی (সামায়ী) অনিয়মিত লিঙ্গ নামে অভিহিত। তথাপি

* উর্দ্দু ব্যাকরণে লিঙ্গ-জ্ঞানই অতি প্রয়োজনীয় বিষয়। অন্যান্য বিষয়ে উর্দ্দু ব্যাকরণ প্রায় আরবী পারসীর অনুযায়ী, কিন্তু লিঙ্গ-প্রকরণ সেরূপ নহে। ইহাতে বিভিন্ন ভাষার শব্দ থাকাতে লিঙ্গ ভেদের বিভিন্ন প্রকার নিয়ম প্রণালী রহিয়াছে। লিঙ্গ ঠিক করিয়া উর্দ্দু লেখা বা বলা অতি দুরূহ বিষয়। সুতরাং প্রথম শিক্ষার পুস্তক হইলেও লিঙ্গ প্রকরণ বিষয়টী কথঞ্চিৎ বিস্তৃত ভাবে বিবৃত করা যাইতেছে—যেন শিক্ষার্থিগণ প্রথম হইতেই উক্ত বিষয়ে লক্ষ্য রাখিতে সতর্কতা অবলম্বন করিতে অভ্যস্ত হয়।

বস্তু শব্দের আকার দেখিয়া লিঙ্গ ভেদের কতকগুলি মোটা-মুটি নিয়ম দেওয়া যাইতেছে. ইহাকে قیاسي (কেয়াসী) নিয়মিত লিঙ্গ কহে।

১। প্রায় অধিকাংশ স্থানে, যে সকল শব্দের শেষে আলেফ থাকে. তাহারা প্রায় পুংলিঙ্গ : যথাঃ—گھوڑا (ঘোড়া) لڑکا (লাড়কা) ছেলে, بڈھا (বুড্‌ঢা) বৃদ্ধ, کپا (কুপ্পা) কুপ্পা, دریا (দরইয়া) সমুদ্র বা নদ, هیرا (হিরা) হীরক, لوها (লোহা) লৌহ ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত শব্দ গুলি অত্র নিয়মের বহিভূ ত স্ত্রী লিঙ্গ—چڑیا (চিড়য়্যা) পাখী, ڈبیا (ডিবইয়া) ডিবা, آسیا (আস্ইয়া) জাঁতা, انگیا (আঙ্গিয়া) কোরতা, ابتدا (এবতেদা) আরম্ভ, انتہا (এন্তেহা) শেষ, تمنا (তমান্না) কামনা।

২। কতক গুলি শব্দের শেষ বর্ণের পূর্ব্ব বর্ণ। (আলেফ) হইলে পুংলিঙ্গ হয়; যথাঃ—زمان (জমান) সময়, مکان (মকান) বাসস্থান, بیان (বয়ান) বর্ণনা, جہان (জহান) সংসার, میدان (ময়দান) মাঠ, تاج=টুপি, باغ=বাগান, زاغ=চিল, ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত গুলি নিয়ম বহির্ভূত (স্ত্রীলিঙ্গ)। যথাঃ—کان=খনি, جان=প্রাণ, شان=গৌরব, অবস্থা, زبان (জবান) জিহ্বা, ভাষা, یاد=স্মরণ, بنیاد (বুনইয়াদ) স্থিতি মূল, نہاد (নেহাদ) প্রকৃতি।

৩। যে সকল শব্দের শেষে ہ হে আছে, সেগুলি পুংলিঙ্গ। যথাঃ—بندہ=দাস, پردہ=যবনিকা, غالیچہ (গালিচা) গালিচা,

کوہ (কোহ) পাহাড়, غصہ (গোস্বা) রাগ। কিন্তু توبہ (তৌবা) সঙ্কল্প, مرتبہ (মরতবা) পদ, গৌরব, جگہ (জগাহ) স্থান, بنفشہ (বনাফসা) গুল্ম বিশেষ, دفعہ (দফা) সময়, বার, لاشہ (লাসা) শব, فاختہ (ফাখতা) ঘুঘু এগুলি নিয়ম বহির্ভূত স্ত্রীলিঙ্গ। এইরূপ যে সকল আরবী শব্দের শেষে এমন ہ হে থাকে যাহা (ت) তের পরিবর্ত্তে বসিয়া থাকে, সেগুলিও স্ত্রীলিঙ্গ যথাঃ—ملکہ (মালেকা) রাণী বা রাজ্ঞী, والدہ (ওয়ালেদা) মাতা ইত্যাদি।

৪। যে সকল শব্দের শেষে উকার বা ওকারের ন্যায় উচ্চারিত, বা و থাকে তাহাদের অধিকাংশ পুংলিঙ্গ। যথাঃ—

الو=আলু, اُلّو (উল্লু) পেচক, بچھو (বিচ্ছু) বৃশ্চিক, پہلو (পহলু) পার্শ্ব, جادو=জাদু, মায়া, بھاؤ (ভাও) মূল্য چھڑکاؤ (ছেড়কাও) ছিটা, بھڑکاؤ (ভড়কাও) প্ররোচনা ইত্যাদি। কিন্তু بالو=বালু, دارو=ঔষধ, روہو=(রোহু) রোহিত মৎস্য, ناؤ=নৌকা ہجو (হজো) দুর্ন্ম, ابرو=ভ্রূ آرزو (আরজু) কামনা, بو=গন্ধ ترازو (তরাজু) তুলাদণ্ড, جو (জো) নির্ঝরিণী, خو (খো) অভ্যাস, এগুলি ও নিয়ম বহির্ভূত স্ত্রীলিঙ্গ।

৫। যে সকল শব্দের শেষে پن প্রত্যয় থাকে সে গুলি পুংলিঙ্গ যথাঃ—لڑکپن (লড়কপন্) বাল্য, ছেলেমী, اُلّوپن (উল্লুপন) পেচকের ন্যায় ব্যবহার, کمینہ پن (কমিনা পন্) নীচতা ইত্যাদি।

৬। যে সকল আরবী শব্দ اِفْعَال (এফ্য়াল), تَفْعِيل (তফীয়োল), تَفَاعُل (তফায়োল), اِنْفِعَال (এন্‌ফেয়াল), اِفْتِعَال (এফ্‌তেয়াল), اِسْتِفْعَال (এস্তেফ্‌য়াল), مَفْعَل (মফয়াল) مَفْعِل (মফ্‌য়েল) ও مِفْعَل (মেফয়াল) এই সকল ওজনের হয়, সেগুলি পুংলিঙ্গ যথাঃ— احسان (এহ্‌সান) দয়া, উপকার, اِقبال (একবাল) সৌভাগ্য, اقرار (একরার) স্বীকার, تَرَدُّد (তরদ্দোদ) ইতস্তুতঃ, تکبر (তকব্বোর) অহঙ্কার, تدارک (তদারোক) তদন্ত, تفاوت (তফাওৎ) প্রভেদ. انصرام (এন্‌সেরাম) সমাধা, انفصال (এন্‌ফেসাল) নিষ্পত্তি, اختصار (এখ্‌তেসার) সংক্ষেপ, التماس (এল্‌তেমাস) নিবেদন, استغفار (এস্তেগফার) ক্ষমা প্রর্থনা, استعمال (এস্তেমাল) ব্যবহার, مصدر (মসদর) উৎপত্তিস্থান, مسکن (মস্‌কন) বাসস্থান, مشرق (মশরেক) উদয়ের স্থান বা সময়, مغرب (মগরেব) অস্তের সময় বা স্থান, مصقل (মেস্কল) পরিস্কার করিবার যন্ত্র, مجزم (মেজ্‌জম) কর্ত্তন করিবার যন্ত্র, ইত্যাদি। কিন্তু নিম্নলিখিত গুলি নিয়ম বহির্ভূত স্ত্রীলিঙ্গ যথাঃ—اجلاس (বৈঠক), ادبار (এদবার) ফিরিয়া যাও, দুর্ভাগ্য, اصلاح (এছলাহ) সংশোধন, اکراہ (একরাহ) জবরদস্তী, الحاح (এলহাহ্‌) মিনতি, امداد (এমদাদ) সাহায্য, توجه (তওয়াজ্জোহ) মনোযোগ, توقع (তওয়াক্কো)

আশা, احتیاج (এহতিয়াজ) আবশ্যক, অভাব, احتیاط (এহতিয়াত) সতর্কতা, اصطلاح (এস্তেলাহ) স্থিরীকরণ, اطلاع (এত্তেলা') জ্ঞাপন, اعتراض (এ'তেরাজ) প্রতিবাদ, التفات (এল্‌তেফাত) মনোযোগ, استعداد (এস্তে'দাদ) যোগ্যতা, استمداد (এস্তেমদাদ) সাহায্য প্রার্থনা, استدعا (এস্তেদ্‌য়া) প্রার্থনা, استرضا (এস্তেরজা) সম্মতি প্রার্থনা, محشر (মহ্‌শর) সমাগমস্থান, محضر (মহ্‌জর) সভা, محفل (মহ্‌ফেল) সভা, مجلس (মজ্‌লেস) বৈঠক, مسجد (মস্‌জেদ) ভজনাগার, منزل (মঞ্জেল) অবতরণ স্থান, منخر (মেন্‌খর) নাকের ছিদ্র, مجال (মজাল) সাধ্য, ক্ষমতা।

৮। যে সকল শব্দের শেষে ه থাকে, তাহাদের অধিকাংশ স্ত্রীলিঙ্গ যথাঃ—چاه = ইচ্ছা, باه = পুরুষত্ব, বীর্য্য, راه = রাস্তা ইত্যাদি। কিন্তু چاه = কূপ, شاه বা بادشاه রাজা বা সম্রাট্ নিয়ম বহির্ভূত পুংলিঙ্গ।

৯। যে সকল শব্দের শেষে ইকারবৎ উচ্চারিত ي থাকে সে গুলি প্রায় স্ত্রীলিঙ্গ যথাঃ—کرسی (কুরসী) আসন, پگڑی (পাগড়ী) শিরস্ত্রাণ, ٹوپی = টুপী, لاٹھی কাঠী, لڑکی (লড়কী) কন্যা, ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত চারি শ্রেণী শব্দগুলি নিয়ম বহির্ভূত পুংলিঙ্গ।

(ক) অনিয়মিত پانی জল, گھی (ঘী) ঘৃত, دهی (দহী) দধী, جی—প্রাণ, মন, هاتھی (হাথী) হস্তী।

(খ) নিয়মিত (প্রত্যয়ান্ত ی যোগে) সম্বন্ধার্থে যথাঃ—

عربی (আরবী) আরব দেশের, بغدادی (বগদাদী) বাগদাদ নগর সম্বন্ধীয়, بخاری (বোখারী) বোখারা দেশ সম্বন্ধীয় ইত্যাদি।

(গ) গুণ যুক্তার্থে যথাঃ— جلالی (জলালী) প্রচণ্ডতা গুণ বিশিষ্ট, جمالی (জমালী) সৌন্দর্য্য গুণ বিশিষ্ট।

(ঘ) কর্ত্তৃবাচ্যে অর্থাৎ কর্ত্তার বিশেষণে যথাঃ—بھکاری (ভিকারী) ভিক্ষুক, حلوائی (হাল্‌ওয়ায়ী) হালই, ময়রা।

১০। যে সকল শব্দের শেষে هٹ বা وٹ (হট, অট) প্রত্যয় থাকে, তাহারা স্ত্রীলিঙ্গ যথাঃ—گھبراهٹ (ঘবরাহট্) অস্থিরতা, بناوٹ (বানা অট) তৈয়ার, سجاوٹ (সাজ্জা অট) সাজান।

১১। একার বৎ উচ্চারিত ی ইয়ার পূর্ব্বে কোন অক্ষরে জবর থাকিলে স্ত্রীলিঙ্গ যথাঃ—شی (শায়) দ্রব্য, می (মায়) মদ্য نی (নায়) নল বা বাঁশী ইত্যাদি।

১২। শব্দের শেষ বর্ণের পূর্ব্ব বর্ণ ইকার বৎ উচ্চারিত ইয়া (ی) হইলে স্ত্রীলিঙ্গ যথাঃ—طریق (তরিক) পথ, دلیل (দলিল) নিদর্শন, کھیر (খির) চিনী মিশ্রিত দুগ্ধ সিদ্ধ অন্ন, زمین (জমিন) ভূমি, ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত গুলি নিয়ম বহির্ভূত পুংলিঙ্গ تیر তীর, خمیر (খামির) রুটী প্রস্তুত করিবার মর্দ্দিত ময়দা, شیر = দুগ্ধ, تعویذ (তাবিজ) কবচ।

১৩। যে সকল আরবী শব্দের শেষে ت অক্ষর আছে, সে গুলি এবং যে সকল পারস্য হাসেলে মসদর-মসদরের শেষের ن নুন ত্যাগে উৎপন্ন হয়, সে গুলি স্ত্রীলিঙ্গ যথাঃ—الفت (ওলফৎ) মিত্রতা, সদ্ভাব, عزت (এজ্জৎ) সম্মান, محنت (মেহনৎ) পরিশ্রম, حکومت (হোকুমৎ) আধিপত্য, کتابت (কেতাবৎ) লেখা, هدایت (হেদায়ৎ) পথ-প্রদর্শন, کراهیت (করাহিয়াৎ) ঘৃণা, قوت (কুওৎ) শক্তি, বল, طاقت (তাকৎ) শক্তি, رحمت (রহমৎ) দয়া, گفت (গোফৎ) কথা, رفت (রফ্‌ৎ) যাওয়া, شنید (শনিদ) শ্রবণ, دید (দিদ) দর্শন ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত কয়েকটী অত্র নিয়মের বহির্ভূত, ثبوت (সোবুত) সাব্যস্ত, شربت (শরবৎ) শরবত, وقت (ওয়াক্ত) সময়, خلعت (খেলয়াৎ) উপঢৌকন বস্ত্র, یاقوت (ইয়াকুত) চুনা পাথর।

১৪। যে সকল আরবী শব্দ تفعیل (তফ্‌য়িল) কি مفعال (মেফ্‌য়াল) ওজনে আইসে, তাহারা স্ত্রীলিঙ্গ। যথাঃ— تقدیر (তকদির) অদৃষ্ট, تدبیر (তদবির) চেষ্টা, تسکین (তস্‌কিন) শান্তি, تعمیل (তামিল) সম্পাদন করা, تعظیم (তাজিম) সম্মান করা, تحصیل (তহসিল) লাভ বা অর্জ্জন করা, مقراض (মেকরাজ) কাঁচি, منقار (মেন্‌কার) পাখীর চঞ্চু, میزان (মিজান) তুলা দণ্ড ইত্যাদি। কিন্তু নিম্ন-লিখিত শব্দগুলি অত্র নিয়মের বহির্ভূত পুংলিঙ্গ যথাঃ— تعویذ (তাবিজ)

কবচ, منشار (মেনশার) করাত, مسمار (মেসমার) প্রেক, معيار (মেইয়ার) পরীক্ষার যন্ত্র।

১৫। যৌগিক শব্দের শেষাংশ পুংলিঙ্গ হইলে সমস্ত শব্দই পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ হইলে সমস্তটাই স্ত্রীলিঙ্গ যথাঃ—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
آب دانہ (আবদানা) অন্নজল।	جمعرات (জুমারাত) বৃহস্পতিবার।
شب خون (শবখুন) রাত্রি যোগে হত্যা।	آب هوا (আবহাওয়া) জল বায়ু।

১৬। নিম্ন-লিখিত নিয়মে পুংলিঙ্গ শব্দকে স্ত্রীলিঙ্গে পরিণত করা যায় যথাঃ—

(ক) পুংলিঙ্গের শেষে ইকার বৎ উচ্চারিত ي ইয়া যোগে যথাঃ—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
براهمن (বেরাহমন) ব্রাহ্মণ।	براهمني (বেরাহমনী) ব্রাহ্মণী।
اهير (আহির) রাখাল।	اهيري (আহিরী) রাখালের স্ত্রী।
پٹھان (পঠান) পাঠান।	پٹھاني (পঠানী) পাঠান রমণী।

(খ) যে সকল শব্দের শেষে ا আলেফ কিম্বা ه হে অক্ষর আছে, স্ত্রীলিঙ্গে তাহা ইকার বৎ ى ইয়ার সহিত কোন কোন স্থলে ن নুন অক্ষরের সহিত বদল হয়।

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
لڑکا (লড়কা) বালক।	لڑکی (লড়কী) বালিকা
گہوڑا (ঘোড়া) ঘোটক	گہوڑي (ঘোড়ী) ঘোটকী
بندہ (বান্দা) দাস	بندی (বন্দী) দাসী
شہزادہ (শাহজাদা) রাজপুত্র	شہزادي (শাহজদী) রাজকুমারী
دُلہا (দুলহা) পাত্র	دُلہن (দুলহন) পাত্রী
برٹہا (বরীঠা) ধোবা	برٹہن (বরেঠন) ধোবানী
کنجڑا (কুঞ্জড়া) শাক সবজী বিক্রেতা	کنجڑن (কুঞ্জড়ন) শাক সবজী বিক্রেতার স্ত্রী

(গ) কতকগুলি শব্দের শেষে نی (নী) বা কেবল ن অথবা انی আনী যোগে স্ত্রীলিঙ্গ হয় যথাঃ—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
سنار (সোনার) স্বর্ণকার	سنارنی (সোনারনী) / سنارن (সোনারন) স্বর্ণকার-পত্নী।
کمہار (কোমার) কুম্ভকার	کمہارنی কোমারনী کمہارن কোমারন কুম্ভকার-পত্নী।
ناگ (নাগ) সাপ	ناگن (নাগন) সাপিনী
شیر (শের) ব্যাঘ্র	شیرني (শেরনী) ব্যাঘ্রী
اونت (উট) উষ্ট্র	اونتني (উঁটনী) উষ্ট্রী
مہتر (মেহতর) মেথর	مہترانی (মেহতরানী) মেথরানী

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
سید (সৈয়দ) সৈয়দবংশীয়	سیدانی (সৈয়দানী) সৈয়দবংশীয়া বা সৈয়দের স্ত্রী
استاد (ওস্তাদ) শিক্ষক	استادنی (ওস্তাদনী) শিক্ষক পত্নী বা শিক্ষয়িত্রী।
مُلا (মোল্লা) মোল্লা	مُلانی (মোল্লানী) মোল্লার স্ত্রী
ماموں (মামু) মামু	ممانی (মমানি) মামানী *

(ঘ) যে সকল শব্দের শেষে ی ইয়া আছে স্ত্রীলিঙ্গে তাহাদের ইয়া কখন ن (এন্) এর সহিত কখনও نی ("নী") এর সহিত কখনও বা انی (আনী) এর সহিত বদল হয়, যথ:—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
دھوبی (ধোবী) ধোবা	دھوبن (ধোবেন) ধোপার স্ত্রী
مالی (মালী) মালী	مالن (মালেন) মালিন
ہاتھی (হাথী) হস্তী	ہتھنی (হথ্নী) হস্তিনী †

* ইহা নিয়মভুক্ত করিতে গেলে ماموں শব্দের আলেফ ও و ওয়াও এই দুই অক্ষর ত্যাগ করিয়া انی যোগ করিতে হইবে। নচেৎ নিয়মের বহির্ভূত বলিতে হইবে।

† ইহাও ہاتھی শব্দের (ا) আলেফ ত্যাগ করিয়া ধরিলে নিয়মান্তর্গত হয়।

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
کہتری (ক্ষত্রী) ক্ষত্রীয়	کہترانی (ক্ষত্রানী) ক্ষত্রীয়ের স্ত্রী

(১৭) কতকগুলি শব্দে نر (নর) যোগে পুলিঙ্গ এবং مادہ (মাদা) যোগে স্ত্রীলিঙ্গ হয়, যথাঃ—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
شیر نر (শের নর) ব্যাঘ্র	شیر مادہ (শেরমাদা) ব্যাঘ্রী
گاؤنر (গাওনর) ষাঁড়	گاؤمادہ (গাও মাদা) গাভী

(১৮) নিম্ন-লিখিত শব্দগুলিতে বিভিন্ন রূপে এবং কোন স্থানে বিভিন্ন শব্দে লিঙ্গিভেদ হইয়া থাকে ; যথাঃ—

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।
باپ (বাপ) পিতা	ماں (মা) মাতা
سانڈ (সাণ্ড) ষাঁড়	گائی (গাই) গাভী
راجہ (রাজা) রাজা	رانی (রাণী)
بہائی (ভাই) ভ্রাতা	بہن (বহিন) ভগ্নী
خالو (খালু) মাইসা, মেসো	خالہ (খালা) মাসী
بیگ (বেগ) রাজা	بیگم (বেগম) রাণী
خان (খান) রাজপুত্র	خانم (রাজকুমারী)

স্থান বিশেষ এরূপ অর্থ হয় না।

---o---

عدد (আদদ) বচন।

উর্দ্দু পারসী ইত্যাদি ভাষায় এক বচনকে واحد (ওয়াহেদ) ও বহু বচনকে جمع (জমা) কহে। উর্দ্দু ভাষা নানা ভাষার

শব্দ লইয়া গঠিত ; সুতরাং ঐ সকল মূল ভাষায় বচনের যে যে নিয়ম আছে উর্দ্দুতে অনেক স্থানেই সেই নিয়ম রক্ষিত হয়। প্রথম শিক্ষার্থীদের জন্য সে সমস্ত না লিখিয়া এস্থানে সেই ভাষার বহু বচনের কয়েকটী প্রধান নিয়ম দেওয়া যাইতেছে, যথাঃ—

১। উর্দ্দু ভাষায় পুংলিঙ্গ শব্দ গুলির মধ্যে যাহাদের শেষে ا (অালেফ) বা ہ (হে) থাকে তাহাদের বহুবচনে সেই বর্ণ বদলিয়া একারবৎ উচ্চারিত ے (ইয়া) হইয়া যায় যথাঃ—

একবচন।	বহুবচন।
لڑکا বালক	لڑکے বালক সকল
بندہ দাস	بندے দাস সকল
اچھا (আচ্ছা) উত্তম, হাঁ	اچھے (আচ্ছে) সমস্ত ভাল
آیا (আয়া) সে আসিয়াছে	آئے (আয়ে) তাহারা আসিয়াছে

ইত্যাদি।

২। উর্দ্দু ভাষায় পুংলিঙ্গ শব্দের শেষে ا (আলেফ) ও ہ (হে) না থাকিলে, বহুবচনে শব্দের আকার পরিবর্ত্তন হয় না। কিন্তু তাহার পূর্ব্বে বা পরে বহুবচন সূচক অথবা সংখ্যাবাচক শব্দ ব্যবহৃত হয়, যথা ;—

پتھر (পাথ্বর) প্রস্তর	پتھرسب (পাথ্বর সব্) পাথর সকল
مرد (মরদ) পুরুষ	مردسب (মরদ্ সব্) পুরুষগণ
برتن (বরতন) থালা	برتن سب (বরতন্ সব্) থালাগুলি

ব্যবহার প্রণালী— ایک مرد آیا (একমর্দ আয়া) একজন পুরুষ আসিয়াছে دس مرد آئے (দস্ মর্দ আয়ে) দশজন পুরুষ আসিয়াছে।

৩। উর্দ্দু স্ত্রীলিঙ্গ শব্দের শেষে ইকারবৎ উচ্চারিত ی (ইয়া) থাকিলে ان (আঁ) যোগে বহুবচন হয়, যথা ;—

لڑکی (লড়্কী) বালিকা لڑکیاں (লড়্কীয়াঁ) বালিকাগণ

بکری (বক্রী) ছাগল بکریاں (বক্রীয়াঁ) ছাগল সকল

৪। উর্দ্দু স্ত্রীলিঙ্গ শব্দের শেষে ی (ইয়া) না থাকিলে یں (এঁ) যোগে বহুবচন হয়, যথা ;—

عورت (আওরৎ) স্ত্রীলোক عورتیں (আওরতেঁ) স্ত্রী-লোকগণ

کتاب (কেতাব) পুস্তক کتابیں (কেতাবেঁ) পুস্তক সকল

৫। উর্দ্দু বিশেষ্যপদ পুংলিঙ্গ হউক আর স্ত্রীলিঙ্গ হউক, তাহাতে সেই লিঙ্গ-প্রকাশক বিভক্তি থাকুক বা না থাকুক, তাহার সহিত কোন কারক বিভক্তি যোগ করিবার কালে وں (উঁ) যোগে বহুবচন হয়, যথা ;—

পুংলিঙ্গ	কর্ত্তৃ বিভক্তি	কর্ম্মবিভক্তি	সম্বন্ধবিভক্তি	অধিকরণ	অপাদান
	نے	کو	کا	میں	سے
		কে	এর—Of	To—in—তে	From—হইতে—দ্বারা—by
لڑکا বালক	لڑکوں نے বালকেরা	لڑکوں کو বালকদিগকে	لڑکوں کا বালকদিগের	لڑکوں میں বালকদিগেতে	لڑکوں سے বালকদিগের হইতে বা দ্বারা
مرد পুরুষ	مردوں نے পুরুষেরা	مردوں کو পুরুষদিগকে	مردوں کا পুরুষদিগের	مردوں میں পুরুষদিগেতে	مردوں سے পুরুষদিগের হইতে বা দ্বারা
لڑکی বালিকা	لڑکیوں نے বালিকারা	لڑکیوں کو বালিকাদিগকে	لڑکیوں کا বালিকাদিগের	لڑکیوں میں বালিকাদিগেতে	لڑکیوں سے বালিকাদিগের হইতে বা দ্বারা
عورت স্ত্রীলোক	عورتوں نے স্ত্রীলোকেরা	عورتوں کو স্ত্রীলোকদিগকে	عورتوں کا স্ত্রীলোকদিগের	عورتوں میں স্ত্রীলোকদিগেতে	عورتوں سے স্ত্রীলোকদিগের হইতে বা দ্বারা

৬। বহুবচনের পারসী প্রথা। বুদ্ধিবিশিষ্ট জীববাচক শব্দের পর ان (আঁ) যোগে ও এতদ্ভিন্ন অন্য শব্দের পর ها (হা) যোগে বহুবচন হয় এবং স্থান বিশেষে ইহার পরিবর্ত্তনও হইয়া থাকে, যথা;—

একবচন।	বহুবচন।
مرد (মর্‌দ) পুরুষ	مردان (মর্‌দাঁ) পুরুষগণ
زن (জন্‌) স্ত্রীলোক	زنان (জনান্‌) স্ত্রীলোকগণ
كتاب (কেতাব) পুস্তক	كتابها (কেতাবহা) পুস্তক সকল
سال (সাল) বৎসর	سالها (সালহা) বহু বৎসর

৭। বহুবচন করিবার আরবী প্রথা—

(ক) যে সকল আরবী শব্দ উর্দ্দু ভাষায় ব্যবহার কালে كو কো, كا কা, نے নে প্রভৃতি কারক বিভক্তি যোগে যাহাদের আকার পবিবর্ত্তন হয় না, তাহাদের অধিকাংশ শব্দের শেষে এবং নির্জীব পদার্থের নামের শেষে ات বা يات যোগে বহুবচন হয়, যথা;—

একবচন।	বহুবচন।
سيده (সৈয়দাহ্‌)	سيدات (সৈয়দাত)
موجود (মৌজুদ)	موجودات (মৌজুদাত)
مكان (মকান) গৃহ	مكانات (মকানাত) গৃহসকল
نقل (নকল্‌)	نقليات (নক্‌লীয়াৎ)

(খ) উর্দ্দুভাষায় প্রচলিত কতকগুলি আরবী শব্দের বহুবচনে আরবী আকার রক্ষা করে, যথা;—

একবচন।	বহুবচন।
فعل (ফেয়েল) কর্ম্ম	افعال (আফ্‌য়াল) কর্ম্ম সকল
شریف (শরীফ) জ্ঞানী	اشراف (আশরাফ) জ্ঞানীগণ
عالم (আলেম) পণ্ডিত	علما (ওলমা) পণ্ডিতগণ
امیر (আমীর) সম্ভ্রান্ত	امرا (ওমরা) সম্ভ্রান্তগণ

৮। বহুবচনের ইংরাজী ধরণ ;—যে সকল ইংরাজী বহুবচন s (এস্) বা es (ই, এস্) প্রত্যয় যোগে প্রস্তুত হয়, তাহাই উর্দ্দু ভাষায় স্থান বিশেষে س বা ز দ্বারা লিখা হয়, যথা ;—

একবচন	বহুবচন
Brother	Brothers
برادر (বেরাদর) ভ্রাতা	برادرس (বেরাদরস্) ভ্রাতাসকল
Book	Books
بوک (বুক্) পুস্তক	بوکس (বুক্‌স) পুস্তক সকল
Lady	Ladies
لیڈی (লেডী) স্ত্রীলোক	لیڈیز (লেডীজ) স্ত্রীলোক সকল
Master	Masters
مستر (মাষ্টার) মহাশয়	مسترس (মাষ্টার্স) মহাশয়গণ

কারক।

উর্দ্দু ভাষাতেও কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্বন্ধ, অধিকরণ, অপাদান, সম্বোধন এই ৭টী কারক ধরা যাইতে পারে। তজ্জন্য কোন কোন বিশেষ্যের আকার কিঞ্চৎ পরিবর্ত্তন হয়। কারক ঘটিত শব্দ-রূপের সুবিধার জন্য আমরা উহা ৪ শ্রেণীতে বিভাগ করিতে পারি।

১ম শ্রেণীর শব্দরূপ।

যে সকল উর্দ্দু পুংলিঙ্গ শব্দের শেষে ا (আলেফ) বা ه (হে) থাকে, তাহাদের শব্দ রূপ নিম্ন-লিখিত বৎ হয়, এবং অধিকাংশ আলেফ বা আকারন্ত শব্দের রূপও এই প্রকার হইয়া থাকে।

بیٹا (বেটা) পুত্র শব্দের রূপ।

কর্ত্তা	কর্ম্ম	সম্বন্ধ	অপাদান করণ	অধিকরণ	সম্বোধন
بیٹا - بیٹے نے	بیٹے کو	بیٹے کا - کے - کی	بیٹے سے	بیٹے میں	ای بیٹے
(বেটা) (বেটেনে)	(বেটেকো)	(বেটেকা কে-কী)	(বেটেসে)	(বেটেমে)	(আয় বেটে)
পুত্র, পুত্রে	পুত্রকে	পুত্রের	পুত্র হইতে বা দ্বারা	পুত্রেতে	হে পুত্র
بیٹے - بیٹوں نے	بیٹوں کو	بیٹوں کا - کے - کی	بیٹوں سے	بیٹوں میں	ای بیٹو
পুত্রগণ পুত্রগণে	পুত্রদিগকে	পুত্রদিগের	পুত্রগণ হইতে বা দ্বারা	পুত্রদিগেতে	হে পুত্রগণ

بندہ (বান্দাহ্) দাস শব্দের রূপ।

কর্ত্তা	কর্ম্ম	সম্বন্ধ	অপাদান করণ	অধিকরণ	সম্বোধন
بندہ - بندے نے	بندے کو	بندے کا - کی - کے	بندے سے	بندے میں	ای بندے
দাস দাসে	দাসকে	দাসের	দাস হইতে বা দ্বারা	দাসেতে	হে দাস
بندہ - بندے نے	بندے کو	بندوں کا - کے - کی	بندوں سے	بندوں میں	ای بندو
দাসগণ দাসগণে	দাসদিগকে	দাসদিগের	দাসগণ হইতে বা দ্বারা	দাসদিগেতে	হে দাসগণ

مرد (মর্দ) পুরুষ শব্দের রূপ।

مرد – مرد نے	مرد کو	مرد کا – کے – کی	مرد سے	مرد میں	ای مرد
পুরুষ পুরুষে	পুরুষকে	পুরুষের	পুরুষ হইতে বা দ্বারা	পুরুষেতে	হে পুরুষ
مردون – مردون نے	مردون کو	مردون کا - کے - کی	مردون سے	مردون میں	ای مردو
পুরুষগণ পুরুষগণে	পুরুষদিগকে	পুরুষদিগের	পুরুষগণ হইতে বা দ্বারা	পুরুষদিগেতে	হে পুরুষগণ

عورت (আওরৎ) স্ত্রী শব্দের রূপ।

عورت – عورت نے	عورت کو	عورت کا – کے - کی	عورت سے	عورت میں	ای عورت
স্ত্রীলোক স্ত্রীলোকে	স্ত্রীলোককে	স্ত্রীলোকের	স্ত্রীলোক হইতে বা দ্বারা	স্ত্রীলোকগণেতে	হে স্ত্রীলোক
عورتون – عورتون نے	عورتون کو	عورتون کا - کے - کی	عورتون سے	عورتون میں	ای عورتو
স্ত্রীলোকগণ-স্ত্রীলোকগণে	স্ত্রীলোগণকে	স্ত্রীলোকদিগের	স্ত্রীলোকগণ হইতে বা দ্বারা	স্ত্রীলোকগণেতে	হে স্ত্রীলোকগণ

দ্বিতীয় প্রকরণ।

—০—

কার্য্যের নামও এক হিসাবে বিশেষ্য, এজন্য ইহাকে اسم مصدر (এস্‌মে মস্‌দর) বলে, যথা :—

کھانا (খানা) ভোজন কার্য্যের নাম, مارنا (মারনা) প্রহার কার্য্যের নাম ইত্যাদি।

যখন কেবল কার্য্যের নাম মাত্র প্রকাশ হয়, তখন উহাদিগকে مصدر (মস্‌দর) ক্রিয়াবাচক বিশেষ্য বলে, আবার ইহা ক্রিয়াবাচক বিশেষ্য হইলেও ইহাদের দুই প্রকার আকার আছে, যথা;—

(১) প্রকৃত مصدر মস্‌দর (২) حاصل بالمصدر (হাসেল বিল মস্‌দর) বা حاصل مصدر (হাসেল মস্‌দর)।

প্রকৃত মস্‌দরের আকার উর্দ্দুতে নিতান্ত সহজ,—آنا (আনা) আইসা, جانا (জানা) যাওয়া, کھانا (খানা) খাওয়া, کرنا (কারনা) করা, ইত্যাদি نا (না) যুক্ত শব্দ গুলি প্রকৃত مصدر (মস্‌দর)। কিন্তু তাহা বলিয়া نانا (নানা), پنا (পান্না) ইক্ষু ইত্যাদি মস্‌দর্ হইবে না; ইহারা প্রকৃত বিশেষ্য।

নাম প্রকাশ জন্য ভাষার সৃষ্টি হইয়াছে। তাহার পর আবার আরবী, ফারসী এমন কি বর্ত্তমান কালে ইংরাজী শব্দের সহিত কোন হিন্দী মস্‌দর বা মস্‌দর চিহ্ন যোগ করিলে নব সৃষ্ট মস্‌দর উৎপন্ন হয়, যথা;

اثر کرنا (আসর কার্‌না) প্রভাব বিস্তার করা

غصه هونا (গোস্‌সাহোনা) ক্রুদ্ধ হওয়া

بدلنا (বদল্‌না) পরিবর্ত্তন করা

کاپی کرنا (কাপী কর্‌না) নকল করা

"হাসেলে মস্‌দর্"—কোন কোন "মস্‌দর্" হইতে কিছু পরিবর্ত্তিত হইয়া উৎপন্ন হইয়া থাকে। তখন উহা খাঁটি ক্রিয়াবাচক বিশেষ্য হয়। ইহা তৈয়ার করিবার কোনও বিশেষ নিয়ম উর্দ্দু ভাষায় নাই। কেবল ব্যবহার দেখিয়া শিখিতে হয়। নিম্নে কতকগুলি حاصل مصدر (হাসেলে মস্‌দর্) দেখান গেল, যথা;—

(১) মসদর হইতে نا বাদ দিয়া—

لوٹنا (লুটনা) লুণ্ঠন করা — لوٹ (লুট) লুণ্ঠন

هنسنا (হাঁস্‌না) হাস্য করা — هنسي (হাঁসী) হাস্য

جهگڑنا (ঝগড়না) ঝগড়া করা, — جهگڑا (ঝগড়া) ঝগড়া

আরবী ও পারসীর হাসেলে মস্‌দর্‌ও উর্দ্দু ভাষার মধ্যে প্রচলিত আছে, সে গুলি তৎভাষার ব্যাকরণে দ্রষ্টব্য।

অর্থের বিবেচনায় মস্‌দর দুই প্রকার لازم (লাজেম) অকর্ম্মক ও متعدي (মোতয়দ্দী) সকর্ম্মক।

(১) যে মস্‌দর) কার্য্যটী কেবল আপন কর্ত্তাকে মাত্র দেখিতে চায়, তাহাকে لازم (লাজেম) বা অকর্ম্মক বলে, যথা ;—

آنا (আনা) আইসা, যেমন میرا آنا আমার আইসা, جانا (জানা) যাওয়া, যেমন میرا جانا আমার যাওয়া।

(২) আর যে মস্‌দরের কার্য্যের প্রভাবটী কর্ত্তা হইতে উৎপন্ন হইয়া, অন্য একটী পদার্থের উপর গিয়া পড়ে, তাহাকে (মোতয়দ্দী) সকর্ম্মক বলে, যথা ;—

کاٹنا (কাটনা) কর্ত্তন করা, ইহা কর্ত্তণ হইতে উৎপন্ন হইয়া কাটিবার পদার্থের উপর গিয়া পড়ে। ঐরূপ کھانا (খানা) খাওয়া ইত্যাদি।

কেবল অকর্ম্মক হইতে সকর্ম্মক মস্‌দর আবার সকর্ম্মক মস্‌দর হইতে দ্বিকর্ম্মক বা ত্রিকর্ম্মক মস্‌দর প্রস্তুত করা যায় ; তাহার নিয়ম আছে—প্রথম শিক্ষার্থিদের জন্য কেবল উদাহরণ মাত্র দেওয়া গেল, তাহা দেখিলে মোটা মুটী নিয়ম করিয়া লওয়া যাইবে, যথা ;—

دبنا (দব্‌না) দমিয়া যাওয়া, অকর্ম্মক

دبانا (দবানা) দমিয়া দেওয়া, এক কর্ম্মক

دبوانا (দব্‌ওয়ানা) অন্য কর্ত্তৃক দবাইয়া দেওয়া, দ্বিকর্ম্মক।

دبنا (দব্‌না)	دبانا (দবানা)	دبوانا (দব্‌ওয়ানা)
দমিয়া যাওয়া	দমিয়া দেওয়া	অপর কর্ত্তৃক দমান
چلنا (চল্‌না)	چلانا (চলানা)	چلوانا (চল্‌ওয়ানা)
চলিয়া যাওয়া বা চলা	চালান	অপর কর্ত্তৃক চালান

ہلنا (হেল্‌না) ہلانا (হেলানা) ہلوانا (হেল্‌ওয়ানা)

দুলিয়া যাওয়া বা নড়া দোলান অপর কর্ত্তৃক দোলান

دینا (দেনা) دلانا (দেলানা) دلوانا (দেল্‌ওয়ানা)

দেওয়া দেওয়ান অপর কর্ত্তৃক দেওয়ান

پینا (পীনা) پلانا (পেলানা) پلوانا (পেল্‌ওয়ানা)

পান করা পান করান অপর কর্ত্তৃক পানকরান

———

তৃতীয় প্রকরণ।

বিশেষণ বা গুণবাচক বিশেষ্য।

(ক) صفت (সেফৎ) বিশেষণ, গুণ প্রকাশক শব্দ, যথা ;—بھلا (ভলা) উত্তম, برا (বুরা) মন্দ, سیاہ (সিয়াহ্) কাল, میلا (ময়লা) মলিনতাবিশিষ্ট, نیلا (নীলা) নীলবর্ণ।

(খ) اسم صفت (এস্‌মেসেফৎ) গুণবাচক বিশেষ্য যথা ;—بھلائی (ভলায়ী) মঙ্গল, برائی (বুরায়ী) মন্দ, لڑکپن (লড়কপন) বাল্যাবস্থা।

(গ) اسم عدد (এস্‌মে আদদ) সংখ্যাবাচক বিশেষণ, যথা ;—ایک (এক), دو (দো) দুই ইত্যাদি।

(ঘ) اسم عددي (এস্‌ম আদদী) পূরণবাচক বিশেষণ যথা :—پهلا (পহ্‌লা) প্রথম, دوسرا (দোসরা) দ্বিতীয়, چوتها (চৌথা) চতুর্থ ইত্যাদি।

চতুর্থ প্রকরণ।

—o—

সর্ব্বনাম Pronoun.

(১) اسم ضمير (এস্‌মে জমীর) Personal Pronoun বা পুরুষ জ্ঞাপক সর্ব্বনাম।

میں (মায়ঁ) আমি। ইহা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয়ে এক বচনে ব্যবহৃত হয়।

هم (হম্) আমরা। ইহা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয় স্থানে বহুবচনে ব্যবহৃত হয়। বঙ্গদেশে ইহা একবচনেও ব্যবহৃত হয়।

تو (তু) তুমি। ইহা পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয় স্থানে এক বচনে ব্যবহৃত হয়। এ শব্দটী নিতান্ত ঘৃণা বা তুচ্ছার্থে প্রকাশ পায়। একবচনেও تم (তোম্) ব্যবহার করা হয়।

تم (তোম্) তোমরা। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয় স্থানে বহুবচনে ব্যবহৃত হয়। ইহা অধিকাংশ স্থানে তুমি অর্থে একবচনেও ব্যবহৃত হয়।

وہ (ওহ্) সে। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয় স্থানে এক-বচনে ব্যবহৃত হয়।

وے (ওয়) তাহারা। পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ উভয় স্থানে বহুবচনে ব্যবহৃত হয়। প্রাচীন উর্দ্দু লেখকগণ বহুবচনে وے (ওয়)

ব্যবহার করিতেন। গ্রাম্য লোকেরা এখনও বহুবচনে وی (ওয়) বলিয়া থাকে। কিন্তু বর্ত্তমানকালে নাগরিক ভদ্রলোকেরা وہ (ওহ্) সে, শব্দকে বহুবচনে ব্যবহার করেন। সুতরাং وہ (ওহ্) একবচন ও বহুবচন উভয় স্থানে ব্যবহৃত হইয়া থাকে।

"জমীর"।

میں (মায়ঁ) আমি, এর কারক বিভক্তি।

কর্ত্তা	কর্ম্ম	সম্বন্ধ
میں نے - میں	مجھکو - مجھے	میرا - میرے - میری
আমি	আমাকে	আমার
ہم نے - ہم	ہمکو - ہمیں	ہمارا - ہمارے - ہماری
আমরা	আমাদিগকে	আমাদিগের

تو (তু) তুমি এর রূপ।

تو نے - تو	تجھکو - تجھے	تیرا - تیرے - تیری
তুমি	তোমাকে	তোমার
تم نے - تم	تمہیں - تمکو	تمہارا - تمہارے - تمہاری
তোমরা	তোমাদিগকে	তোমাদিগের
اسنے - وہ - وہی	اسے - اسکو	اسکا - اسکے - اسکی
সে	তাহাকে	তাহার
انھے-انھوں نے - وہ-وی	انھیں - انکو	انکا - انکے - انکی
তাহারা তাহাদিগকে	তাহাদিগের	তাহাদিগের

(১) (আপ) শব্দের রূপ কেবল বহুবচনে।

কর্ত্তা	কর্ম্ম	সম্বন্ধ	অপাদান	অধিকরণ
آپ - آپنے	آپکو	آپکا - آپکے - آپکی	آپسے	آپمیں
আপনারা	আপনাদিগকে	আপনাদিগের	আপনাদিগের হইতে বা দ্বারা	আপনাদিগেতে

(২) اسم موصول (এস্মে মৌসুল) جو (যো) "যদ" শব্দের রূপ।

جو - جس نے	جسکو - جسے	جسکا - کے - کی	جسسے	جسمیں
যে	যাহাকে	যাহার	যাহা হইতে বা দ্বারা	যাহাতে
جو - جن نے	جنکو - جنھیں	جنکا - کے - کی	جن سے	جن میں
যাহারা	যাহাদিগকে	যাহাদিগের	যাহাদিগের হইতে বা দ্বারা	যাহাদিগেতে

(৩) اسم استفہام জিজ্ঞাসাসূচক সর্ব্বনাম। کون (কৌন) "কিম" শব্দের রূপ।

کون - کس نے	کسکو - کسے	کسکا - کے - کی	کس سے	کس میں
কে	কাহাকে	কাহার	কাহা হইতে বা দ্বারা	কাহাতে
کون - کن نے کنھوں نے	کنکو - کنھیں	کنکا - کے - کی	کن سے	کن میں
কাহারা	কাহাদিগকে	কাহাদিগের	কাহাদিগের হইতে বা দ্বারা	কাহাদিগেতে

(৪) اسم اشارہ (এসমে এশারাহ্) یہ (এহ্) ইদম” শব্দের রূপ।

কর্ত্তা	কর্ম্ম	সম্বন্ধ	অপাদান	অধিকরণ
یہ - اسنے	اسے - اسکو	اسکا - کے - کي	اسسے	اس میں
এই	ইহাকে	ইহার	ইহা হইতে বা দ্বারা	ইহাতে
یے - اننے - انھوں نے	انھیں - انکو	انکا - کے - کي	انسے	ان میں
ইহারা	ইহাদিগকে	ইহাদিগের	ইহাদিগের হইতে বা দ্বারা	ইহাদিগেতে

(৫) اسم تنکیر (এস্মে তন্কীর) অনিশ্চয় বাচক সর্ব্বনাম।

هر – کِتا - کِتنا - جِتّا – جِتنا - کوئی - کُچھ – ایک - دوسرا - دونو - دونوں - اور - بعضی – بہت - سب

এই গুলির রূপ নিয়মিত মত হইবে, কেবল کوئي (কোই) ও کچھ (কুচ্ছ) শব্দে, কর্ত্তৃকারকে কোন পরিবর্ত্তন হইবে না। অন্য কারকে کسي ও کسو হইয়া তাহাদের পর কারক বিভক্তি যোগ করিলেই হইবে।

দ্বিতীয় অধ্যায়।

—•০•—

فعل (ফেয়েল) ক্রিয়া।

مصدر মস্‌দর, সময়ের সহিত সংশ্রব রাখিয়া কোনও কার্য্যের সংঘটন প্রকাশ করিলে, তাহাকে فعل (ফেয়েল) বা ক্রিয়া বলে।

কাল বা সময়ের তিন ভাগ আছে, যথা ;—ماضي (মাজী) অতীত কাল, مستقبل (মস্তক্‌বেল্) ভবিষ্যৎ, حال (হাল) বর্ত্তমান। فعل (ফেয়েল) এই তিন কালের কোন একটীর সহিত সম্বন্ধ রাখে, যথা ;—کهایا (খায়া) খাইয়াছে, অতীত কাল। کهاتا ہے (খাতা হ্যায়) খাইতেছে, বর্ত্তমান কাল کهائیگا (খায়েগা) খাইবে, ভবিষ্যৎ কাল।

اسم مصدر (এস্‌ম মস্‌দর্) যেমন لازم (লাজেম) অকর্ম্মক ও متعدي (মোতায়দ্দী) সকর্ম্মক ভেদে দুই প্রকার যথা ;—میں آیا (মায়ঁ আয়া) আমি আসিয়াছি, অকর্ম্মক। وہ کهانا کهایا (ওহ্ খানা খায়া) সে অন্ন খাইয়াছে, সকর্ম্মক ইত্যাদি।

ماضي (মাজী) অতীত, ইহা ছয় প্রকার, যথা ;—

(১) ماضي مطلق (মাজী মোৎলক) সাধারণ অতীত।

(২) ماضي قريب (মাজী করীব) সদ্য অতীত।

(৩) ماضي بعيد (মাজী বয়ীদ) দূরবর্ত্তী অতীত।

(৪) ماضي استمراري (মাজী এস্তেমরারী) অসম্পন্ন অতীত।

(৫) ماضي احتمالي বা شكيه (মাজী এহ্তেমালী বা শক্কীয়া) অনিশ্চয়াত্মক অতীত।

(৬) ماضي تمنائي (মাজী তমান্নায়ী) আকাঙ্ক্ষা প্রকাশিত অতীত।

ماضی مطلق (মাজী মোৎলক্) সাধারণ অতীত, آنا (আনা) আইসা।

	غائب তৃতীয় পুরুষ		حاضر মধ্যম পুরুষ		متکلم উত্তম পুরুষ	
পুং	وہ آیا	وہ یا وے آئے	تو آیا	تم آئے	میں آیا	ہم آئے
	(ওহ্ আয়া)	(ওহ্ বা ওয় আয়ে)	(তু আয়া)	(তোম্ আয়ে)	(মায়ঁ আয়া)	(হাম্ আয়ে)
	সে	তাহারা	তুমি	তোমরা	আমি	আমরা
	আসিয়াছে	আসিয়াছে	আসিয়াছ	আসিয়াছ	আসিয়াছি	আসিয়াছি
স্ত্রীং	وہ آئی	وہ آئیں	تو آئی	تم آئیں	میں آئی	ہم آئیں
	(ওহ্ আয়ী)	(ওহ্ আয়েঁ)	(তু আয়ী)	(তোম্ আয়েঁ)	(মাইঁ আয়ী)	(হাম্ আয়েঁ)

ماضی قریب (মাজী করীব) সদ্য অতীত কাল।

পুং	وہ آیا ہے	وہ آئے ہیں	تو آیا ہے	تم آئے ہو	میں آیا ہوں	ہم آئے ہیں
	(ওহ্ আয়া হ্যায়)	(ওহ্ আয়েহেঁ)	(তুআয়া হ্যায়)	(তোম্ আয়ে হো)	(মায়ঁ আয়া হুঁ)	(হাম্ আয়ে হেঁ)
	সে	তাহারা	তুমি	তোমরা	আমি	আমরা
	আসিয়াছে	আসিয়াছে	আসিয়াছ	আসিয়াছ	আসিয়াছি	আসিয়াছি
স্ত্রীং	وہ آئی ہے	وہ آئی ہیں	تو آئی ہے	تم آئی ہو	میں آئی ہوں	ہم آئی ہیں
	(ওহ্ আয়ী হ্যায়)	(ওহ্ আয়ী হেঁ)	(তু আয়ী হ্যায়)	(তোম্ আয়ী হো)	(মায়ঁ আয়ী হুঁ)	(হাম্ আয়ে হেঁ)

ماضی بعید (মাজী বয়ীদ) দূরবর্ত্তী অতীত কাল।

	غائب তৃতীয় পুরুষ		حاضر মধ্যম পুরুষ		متکلم উত্তম পুরুষ	
পুং	وہ آیا تھا	وہ آئے تھے	تو آیا تھا	تم آئے تھے	میں آیا تھا	ہم آئے تھے
	(ওহ্ আয়া থা)	(ওহ্ আয়ে থে)	(তু আয়া থা)	(তোম্ আয়ে থে)	(মায় আয়া থা)	(হাম্ আয়ে থে)
	সে	তাহারা	তুমি	তোমরা	আমি	আমরা
	আসিয়াছিল	আসিয়াছিল	আসিয়াছিলে	আসিয়াছিলে	আসিয়াছিলাম	আসিয়াছিলাম
স্ত্রীং	وہ آئی تھی	وہ آئی تھیں	تو آئی تھی	تم آئی تھیں	میں آئی تھی	ہم آئی تھیں
	(ওহ্ আয়ী থী)	(ওহ্ আয়ী থিঁ)	(তু আয়ী থী)	(তোম আয়ী থিঁ)	(মায় আয়ী থী)	(হাম্ আয়ী থিঁ)

ماضی استمراری (মাজী এস্তেমরারী) অসম্পন্ন অতীত কাল।

পুং	وہ آتا تھا	وہ آتے تھے	تو آتا تھا	تم آتے تھے	میں آتا تھا	ہم آتے تھے
	(ওহ্ আতা থা)	(ওহ্ আতে থে)	(তু আতা থা)	(তোম্ আতে থে)	(মায় আতা থা)	(হাম্ আতে থে)
	সে	তাহারা	তুমি	তোমরা	আমি	আমরা
	আসিতেছিল	আসিতেছিল	আসিতেছিলে	আসিতেছিলে	আসিতেছিলাম	আসিতেছিলাম
স্ত্রীং	وہ آتی تھی	وہ آتی تھیں	تو آتی تھی	تم آتی تھیں	میں آتی تھی	ہم آتی تھیں
	(ওহ্ আতি থী)	(ওহ্ আতি থিঁ)	(তু আতি থী)	(তোম্ আতি থিঁ)	(মায় আতি থী)	(হাম্ আতি থিঁ)

ماضی احتمالی (মাজী এহ্‌তমালী অনিশ্চয়াত্মক অতীত)।

	غائب তৃতীয় পুরুষ		حاضر উত্তম পুরুষ		متکلم উত্তম পুরুষ	
পুং	وہ آیا ہوگا (ওহ্‌ আয়া হোগা) সে আসিয়া থাকিবে	وہ آئے ہونگے (ওহ্‌ আয়ে হোঙ্গে) তাহারা আসিয়া থাকিবে	تو آیا ہوگا (তু আয়া হোগা) তুমি আসিয়া থাকিবে	تم آئے ہونگے (তোম আয়ে হোঙ্গে) তোমরা আসিয়া থাকিবে	میں آیا ہونگا (মায় আয়া হোঙ্গা) আমি আসিয়া থাকিব	ہم آئے ہونگے (হাম্‌ আয়ে হোঙ্গে) আমরা আসিয়া থাকিব
স্ত্রীং	وہ آئی ہوگی (ওহ্‌ আয়ী হোগী)	وہ آئی ہونگی (ওহ্‌ আয়ী হোঙ্গী)	تو آئی ہوگی (তু আয়ী হোগী)	تم آئی ہونگی (তুম আয়ী হোঙ্গী)	میں آئی ہونگی (মায় আয়ী হোগী)	ہم آئی ہونگی (হাম আয়ী হোঙ্গী)

ماضی تمنائی (মাজী তমান্নায়ী) আকাঙ্ক্ষা প্রকাশক অতীত।

পুং	اگر وہ آتا (আগার্‌ ওহ আতা) যদি সে আসিত	اگر وہ آتے (আগর্‌ ওহ আতে) যদি তাহারা আসিত	اگر تو آتا (আগার্‌ তু আতা) যদি তুমি আসিতে	اگر تم آتے (আগার্‌ তোম্‌ আতে) যদি তোমরা আসিতে	اگر میں آتا (আগার্‌ মাই আতা) যদি আমি আসিতাম	اگر ہم آتے (আগার্‌ হাম আতে) যদি আমরা আসিতাম
স্ত্রীং	اگر وہ آتی („ওহ আতী)	اگر وہ آتیں („ওহ্‌ আতিঁ)	اگر تو آتی („তু আতী)	اگر تم آتیں („তোম্‌ আতিঁ)	اگر میں آتی („মাইঁ আতি)	اگر ہم آتیں („হাম্‌ আতিঁ)

حال (হাল) বর্ত্তমান।

	غائب তৃতীয় পুরুষ		حاضر মধ্যম পুরুষ		متكلم উত্তম পুরুষ	
পুং	وہ آتا ہے (ওহ্ আতা হ্যায়) সে আসিতেছে	وہ آتے ہیں (ওহ আতে হেঁ) তাহারা আসিতেছে	تو آتا ہے (তু আতা হায়) তুমি আসিতেছ	تم آتے ہو (তোম্ আতে হো) তোমরা আসিতেছ	میں آتا ہوں (মায় আতা হুঁ) আমি আসিতেছি	ہم آتے ہیں (হাম্ আতে হেঁ) আমরা আসিতেছি
স্ত্রীং	وہ آتی ہے (ওহ্ আতী হ্যায়)	وہ آتی ہیں (ওহ্ আতী হেঁ)	تو آتی ہے (তু আতী হ্যায়)	تم آتی ہو (তোম আতী হো)	میں آتی ہوں (মায় আতী হুঁ)	ہم آتی ہیں (হাম্ আতী হুঁ)

مستقبل (মস্তক্‌বেল) ভবিষ্যৎ কাল।

পুং	وہ آویگا یا آئیگا (ওহ আবেগা বা আয়েগা) সে আসিবে	وہ آوینگے یا آئینگے (ওহ্ আবেঙ্গে বা আয়েঙ্গে) তাহারা আসিবে	تو آویگا یا آئیگا (তু আবেগা বা আয়েগা) তুমি আসিবে	تم آوگے (তোম আওগে) তোমরা আসিবে	میں آونگا (মাইঁ আউঙ্গা) আমি আসিব	ہم آئینگے (হাম্ আয়েঙ্গে) আমরা আসিব
স্ত্রীং	وہ آویگی - آئیگی („আবেগী বা আয়েগী)	وہ آوینگی - آئینگي („আবেঙ্গী বা আয়েঙ্গী)	تو آویگی - آئیگی (আবেগী বা আয়েগী)	تم آوگی („আওগী)	میں آونگی („আউঙ্গী)	ہم آئینگی („আয়েঙ্গী)

امر (আম্‌র) অনুজ্ঞা।

প্রকৃত অনুজ্ঞা কেবল মধ্যম পুরুষ অর্থাৎ تم ও تو যোগে ক্রিয়া হইতে হইয়া থাকে।

একবচন।

تو (তু) তুমি।

آنا হইতে পুং স্ত্রীং تو آ (তু আ) তুমি এস

کرنا „ „ „ تو کر (তু কর্) তুমি কর

مارنا „ „ „ تو مار (তু মার) তুমি মার

বহুবচন।

تم (তোম্) তোমরা।

تم آؤ (তোম্ আও) তোমরা এস ; পুং স্ত্রীং

تم کرو (তোম্ করো) তোমরা কর „ „

تم مارو (তোম্ মারো) তোমরা মার „ „

দ্বিতীয় আকার—ڈریو (ডরিও) کریو (করিও) ইত্যাদি।

তৃতীয় আকার—ইহা বিশেষ “তাকীদ” অর্থে ব্যবহৃত হয়, যথা ;—ڈرنا (ডর্‌না) کرنا (কর্‌না) ইত্যাদি।

نهی (নাহি) নিষেধ।

ক্রিয়ার পূর্ব্বে বা পরে مت (মৎ) ও পূর্ব্বে نه (না) যোগ করিলে নিষেধ হয়, যথা ;—

مت کها (মৎ খা) খেও না, একবচনে বা বহুবচনে مت کهاؤ (মৎ খাও) বা کهاؤ مت (খাও মৎ) খেওনা, نه کها (না খা) খেও না, نه کرنا (না কর না) কখন করিও না ইত্যাদি।

فعل مجہول (ফেয়েল মজহুল) অর্থাৎ অজ্ঞাত কর্ত্তা।

ইহা কেবল সকর্ম্মক (ফেয়েল মোতায়দ্দি) ক্রিয়া মূল বা ক্রিয়া হইতে প্রস্তুত হয়; অকর্ম্মক (লাজেমী) হইতে হয় না।

নিয়ম—যে ক্রিয়াকে مجہول (মজহুল) করিতে চাও, তাহার মূল হইতে সাধারণ অতীত বানাইয়া তাহার পাশে جانا (জানা) মসদর যোগ করিলে ক্রিয়াটী مجہول (মজহুল) হইবে, এখন উহাকে আবার মূল ধরিয়া তাহা হইতে যে ক্রিয়া ইচ্ছা নিয়ম মত বানাইয়া লও, যথা ;—

مارنا (মারনা) হইতে অতীত ক্রিয়া مارا (মারা) মারিয়াছে, এখন উহার পরে جانا (জানা) যোগ করিলে مارا جانا (মারা জানা) প্রহারিত হওয়া (মজহুল মসদর) এবং তাহা হইতে مارا گیا (মারা গিয়া), مارے گئے (মারে গেয়ে) ইত্যাদি فعل مجہول হইবে।

—o—

তৃতীয় অধ্যায়।

حرف (হর্‌ফ) অব্যয়।

حرف (হর্‌ফ) ইহা দুই ভাগে বিভক্ত—১ম حرف تهجي (হর্‌ফে তহজ্জী) বর্ণমালার অক্ষর, ২য় حرف معنوي (হর্‌ফে মানবী) অর্থ প্রকাশক অক্ষর।

حرف تهجي (হর্‌ফে তহজ্জী) ب پ ت ا ইত্যাদি।

حرف معنوي (হর্‌ফে মানবী) কতকগুলি অক্ষর বা অক্ষর সমষ্টি স্বয়ং বা অন্য কোন শব্দের সহিত যুক্ত অর্থ প্রকাশ করে। ইহাদিগকে বাঙ্গালা অব্যয় ও বিভক্তি দুই ভাগ করা যায়।

(১ম) সম্বোধনে—یا (ইয়া) ابی (আবে) اری (আরে) ابی او (আবে ও) اری او (আরে ও) اجي (আজি)।

নিষেধার্থে—نه (না) ن (ন) نهي (নাহি)

উত্তর বা স্বীকারার্থে—جي (জী) هان (হাঁ) هان جي (হাঁজী) بهت اچها (বহৎ আচ্ছা) ٹهيک (ঠীক) بجا (বজা) درست (দোরস্ত بهلا (ভলা)।

খেদ সূচক—هاي (হায়) هاي هاي (হায় হায়)।

আনন্দ সূচক اهاها (আহা হা) اهو هو (অহো হো) واه واه (ওাহ্‌ ওাহ্‌)।

নিশ্চয়ার্থে—هی (হী) যথা—میں هی نے کیا (মায় হী নে কিযা) আমিই করিয়াছি।

সাদৃশ্যার্থে—سے (সে) سی (সী) سا (সা) مانند (মানন্দ) مثل (মেছল)।

কারক বিভক্তি।

(২য়) نے (নে) والا (ওয়ালা) میں (মেঁ) سے (সে) پر (পর্) تک (তক্) کا (কা) ও তৎস্থানে (کے কে) کی (কী)।

শব্দের প্রকৃতি পরিবর্ত্তন।

یہاں (ইহাঁ) হেথা, وهاں (ওহাঁ) হোথা, ادهر (এধর এদিক, ادهر (ওধর) ওদিক, اب (আব্) এখন, جہاں (জাহাঁ) যেথা, جدهر (জেধর) যে দিকে, جب (জব্) যখন کہاں (কহাঁ) কোথা, کدهر (কেধর)) কোন দিক্। کب (কব্) কখন, এই শব্দগুলি আসল এইরূপ ছিল যথা ;— یہ‌ھاں - وہ‌ھاں - جودھر - ودھر - یہ‌اب - جوھاں - جودھر - جوب کیاھاں - کیادھر - کیاب ইহারা একত্র মিলে মিশে প্রকৃতি পরিবর্ত্তন হইয়া উপরি উক্ত রূপ ধারণ করিয়াছে।

اسم مفعول (এস্‌ম মফ্‌য়ুল) কর্ম্মবাচ্যের কৃদন্ত পদ যথা ;— مارا گیا (মারা গিয়া) প্রহারিত হইয়াছে।

اسم حالیہ (এস্‌মে হালীয়া) ভাববাচ্যের কৃদন্তপদ যথা ;— هنستا هوا چلا (হাঁস্‌তাহুয়া চলা) হাসিতে হাসিতে চলিয়াছে।

اسم مشتق এস্‌মে মোশ্‌তাক—কৃদন্তপদ।

اسم فاعل এস্‌মে ফায়েল—কর্ত্তৃবাচ্যের কৃদন্তপদ।

ইহা ক্রিয়া হইতে উৎপন্ন হয় যথা :—

পুং کھانےوالا (খানে ওয়ালা) مارنے والا (মারনে ওয়ালা)

স্ত্রীং مارنے والی کھانے والی

বাক্য রচনা।

—o—

১। ক্রিয়া অকর্ম্মকই হউক বা সকর্ম্মকই হউক, কর্ত্তার লিঙ্গ ও বচনানুসারে উহা পরিবর্ত্তিত হইবে, যথা;—

পুং اکبر آیا (আক্‌বর আয়া) اکبر اور احمد کھائے (আক্‌বর আওর আহ্‌মদ খায়ে) স্ত্রীং بانو آئی (বানু আয়ী) بانو اور نورجہان ماریں (বানু আওর নূরজাহান মারিঁ)।

২। ক্রিয়ার কর্ত্তা কখন কখন উহ্য হইয়া থাকে, যথা;—زید آیا اور چلا گیا (জয়দ আয়া আওর চলা গেয়া) چلا گیا (চলা গেয়া) কর্ত্তার ফায়েল زید (জয়দ) উহ্য আছে।

৩। نے (নে) বিভক্তি যুক্ত কর্ত্তার সহিত কেবল সকর্ম্মক ক্রিয়া—ماضی مطلق (মাজী মৎলক) সাধারণ অতীত, ماضی قریب (মাজী ক্বরীব) নিককটবর্ত্তী অতীত, ماضی بعید (মাজীবয়ীদ) পরোক্ষ অতীত, ماضی احتمالی (মাজী এহ্‌-তেমালী) অনিশ্চয়াত্মক অতীত কাল ব্যবহার হয়; অন্যত্র নহে।

میں نے کھایا (মায়নে খায়া) আমি খাইয়াছি

کھایا ہے „ („ খায়া হ্যায়) আমি খাইয়াছি

کھایا تھا „ („ খায়া থা) আমি খাইয়াছিলাম

کھایا ہوگا „ („ খায়া হোঙ্গা) আমি খাইয়া থাকিব

৪। نے (নে) যুক্ত কর্ত্তার সহিত যে সকর্ম্মক ক্রিয়া যুক্ত হইবে, তাহা কর্ম্মের লিঙ্গানুসারে পরিবর্ত্তিত হইবে, যথা;—

পুং اکبر نے روٹی کھائی (আক্‌বর নে রোটী খায়ী)।

স্ত্রীং بانو نے سانپ مارا (বানু নে সাঁপ মারা)।

৫। বিশেষণ গুলি প্রায় বিশেষ্যের লিঙ্গানুসারে পরিবর্ত্তিত হয়, যথা;—

পুং اچھا لڑکا (আচ্ছা লড়কা)

স্ত্রীং اچھی لڑکی (আচ্ছী লড়কী)

৬। সম্বন্ধ পদগুলি সম্বন্ধবদ্ধ পদের বচন ও লিঙ্গানুসারে হয়, যথা;—

পুং میرا گھوڑا (মেরা ঘোড়া) আমার ঘোড়া।

" میرے گھوڑے (মেরে ঘোড়ে) আমাদিগের ঘোড়া।

স্ত্রীং میری کتاب (মেরী কেতাব) আমার পুস্তক।

—০—

বর্ণ-ব্যাখ্যা।

উর্দ্দু বর্ণমালার মধ্যে যে ৩৭টী অক্ষর আছে, তন্মধ্যে পারসী বর্ণমালার ৩৪টী ও এদেশীও ৩টী অক্ষর বর্ত্তমান। বাঙ্গালা বা সংস্কৃতে ট, ড, ড় এই তিনটী অক্ষর যেমন উচ্চারণ প্রকাশ পায়, তাহা পারসী ও উর্দ্দু ভাষায় নাই বলিয়া উহাদের উচ্চারণ প্রকাশার্থে ڑ – ڈ ٹ এই তিনটী নূতন অক্ষর গৃহীত হইয়াছে।

(ح) ইহাকে “ হে হুত্তী ” বলে। (ژ) ইহার উচ্চারণ Pleasure শব্দের S এর ন্যায় হইবে। (ق) ইহার নাম “কাফে কোরাশাৎ ”। (ک) ইহার নাম “কাফ কালেমন ”। (ہ ইহার নাম “ হে হাউয়াজ ” (ء) ইহা আলেফের রূপান্তর মাত্র।

(ث) “ ছে ” এরূপ “ ছ ” বাঙ্গালা ভাষায় নাই, উহার উচ্চারণ ওছমান নামের “ছ” এর ন্যায়। (ع) ইহার উচ্চারণ গলার নিম্নাংশ কণ্ঠনালী চাপিয়া করিতে হয়।

(ا) “ আলেফ ” দুই প্রকার—১ম, (ا) মকসুরা ও ২য়, (آ) মমদুদা। ا আলেফ মকসুরা হ্রস্ব আকার, যথা;—اگر (অগার্); আলেফ মমদুদা দীর্ঘ আকার, যথা;—آدمی (আদমী) ইত্যাদি।

(و) “ওয়াও ” তিন প্রকার—১ম, মারুফ; ২য়, মজহুল; ৩য়, মাদুলা। ওয়াও মারুফ উকার, যথা;—نور (নূর); ওয়াও

মজ্‌হুল ওকার, যথা ;—زور (জোর) ; ওয়াও মা'দুলা অনুচ্চারিত ওয়াও, যথা ;—خود ,خویش (খোদ) ও (খেশ)।

(ہ) "হে" উচ্চারণ ভেদে দুই প্রকার—১ম, মলফুজী; ২য়, (মাখ্‌তফী)। হে মল্‌ফুজী, যথা ;—شاہ (শাহ্), گرہ, গেরেহ; মাখতফী, যথা ;—نامہ (নামা), جامہ (জামা) ইত্যাদি।

(ي) "ইয়া" দুই প্রকার—১ম, মা'রুফ ; ২য়, মজহুল। ইয়া মা'রুফ ইকার, যথা ;—شادي (শাদী) ندي (নদী) ইয়া মজহুল একার, যথা ;—تیرے (তেরে) میرے (মেরে) ইত্যাদি।

পত্র লিখন প্রণালী।

পিতা ও মাতার নিকট।

میری ماجیو صاحبہ سلامت কিম্বা میرے اباجیو صاحب

سلامت ـ بعد تسلیمات کے عرض یہ ہے کہ کل آپکا ایک خط

ﺎکر سرفراز ہوا ـ مین اپہولکي دعاکي برکت سے خیریت سے

ون ـ قدري مہتاب علی ـ

উত্তর جواب

میرے بیٹے آنکہونکی سکہہ ـ تمہاری عمر زیادہ ہو ـ بعد دعا

کے معلوم ہو کہ تمہارا خط پاکر نہایت خوش ہوا ـ ایساہي

ﮩروقت اپني خیریت سے آگاہ کرتے رہنا ـ

راقمہ دعاگو رحیم النسا কিম্বা راقم محمد ابراہیم ـ

জ্যেষ্ঠ ভ্রাতা কিম্বা জ্যেষ্ঠা ভগ্নীর নিকট।

بہائي صاحب কিম্বা بہن صاحبہ سلامت

د تسلیمات کے عرض یہ ہے کہ مین کلکتہ آنےکے بعد آپکا

ئی خط نہین پایا ـ امید ہے کہ جلدي مکان کے احوال

ﮩکر سرفراز فرمائین ـ

عرض گذار محمد حبیب اللہ ـ

উত্তর جواب

میرے پیارے بھائي سلامت رہو –

بعد دعا کے معلوم ہوکہ میں چند روز مکان میں نہین تھا
اس لیئے خط لکھہ نہین سکا – سو اب ہمیشہ مکانکی خیریت
لکھتے رہونگا – کچھہ اندیشہ نہکرنا – بفضل خدا یہان ہرطرح سے
خیریت ہے – تمہاری خیریت ہمیشہ لکھتے رہنا –

راقم محمد نسیم الدین –

বন্ধুর নিকট।

میرے دوست سلامت –

بعد شوق ملاقات کے معلوم ہو کہ آپکا مدرسہ پاس کرنیکی خبر
سے ہم نہایت خوش ہوئے – ہمسب خیریت سے ہین – آپ
اپنے خیریت سے ہمیشہ یاد فرماتے رہئے –

راقم دیوان مفیض الدین –

উত্তর جواب

بعد شوق ملاقات کے معلوم ہوکہ آپکا خط آیا – جی خوش
ہوا – مین اسکے آگے بیمار تھاسو خط لکھنے مین دیر ہوئي تھی
اب انشاء الله تعالی ہروقت خطوط لکھتے رہونگا –

راقم عثمان علي –

স্বামী স্ত্রীর নিকট।

پیاري فیروزه !

بعد شوق دیدار کے معلوم هوکه هفته روز سے تمهاري کوئی خبر نهین پایا سوجي بهت پریشان هے جلد اپنے خیریت سے خوش کرنا اور جس چیز کا شوق هو لکهه بهیجنا مین جاتے وقت ساتهه لیجاونگا -

راقم محمد معین الحق -

উত্তর جواب

میرا پیارا محبوب سلامت

بعد تسلیمات کے معلوم هو که گذشته کل آپکا ایک محبت نامه پاکر اپنی کو خوش قسمت سمجهی آپنے لکها هے کوئی چیز کا شوق هوتو لکهه بهیجنا سو پیارے آپکي ملاقات کے برابر اور کوئي شوق دل مین نهین - مگر تاهم ایک بڑا آئینه جس مین کهڑا هونے سے تمام بدن نظر آوے لائیگا لونڈي سرفرازهوگي

آپکی لونڈي فیروزه -